

🗏 আল-ফুরকান | Al-Furgan | ٱلْفُرْقَان

আয়াতঃ ২৫: ১৪

া আরবি মূল আয়াত:

لَا تَدعُوا اليَومَ ثُبُورًا وَّاحِدًا وَّ ادعُوا ثُبُورًا كَثِيرًا ﴿١٢﴾

'একবার ধ্বংসকে ডেকো না; বরং অনেকবার ধ্বংসকে ডাকো।' — আল-বায়ান

(বলা হবে) 'তোমরা আজ এক মৃত্যুকে ডেক না, অনেক মৃত্যুকে ডাক।' — তাইসিরুল

তাদেরকে বলা হবেঃ আজ তোমরা একবারের জন্য ধ্বংস কামনা করনা, বরং বহুবার ধ্বংস হওয়ার কামনা করতে থাক। — মুজিবুর রহমান

[They will be told], "Do not cry this Day for one destruction but cry for much destruction." — Sahih International

১৪. বলা হবে, আজ তোমরা এক ধ্বংসকে ডেকো না, বরং বহু ধ্বংসকে ডাক।

তাফসীরে জাকারিয়া

- (১৪) (ওদেরকে বলা হবে,) 'আজ তোমরা একবারের জন্য ধ্বংস কামনা করো না; বরং বহুবার ধ্বংস কামনা করতে থাক।'[1]
 - [1] অর্থাৎ, জাহান্নামী যখন আযাবে অতিষ্ঠ হয়ে মৃত্যু ও ধ্বংস কামনা করবে, তখন তাদেরকে বলা হবে, একটি মৃত্যু নয় বরং বহু মৃত্যুর কামনা কর। অর্থ হল, এখন তোমাদের ভাগ্যে চিরস্থায়ী বিভিন্ন ধরনের শাস্তি আর শাস্তিই রয়েছে। অর্থাৎ, মৃত্যু কামনা করলে বহু মৃত্যু কামনা করতে হবে। সুতরাং তোমরা কতকাল আর মৃত্যু দাবী করবে?!

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2869

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন